

হারিপ্রবিত্তে সংঘর্ষে নিহত ২ ভিসিসহ ৪১ জনের বিরুদ্ধে মামলা

দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
(হারিপ্রবি) নিহত ছাত্র সাহাবুদ্দুল হাসান
মিস্টিন ও জাকারিয়া হত্যার ঘটনায়
মিস্টিনের পরিবারের পক্ষ থেকে মঙ্গলবার
আদালতে হত্যা মামলা করা হয়েছে।
মামলায় হারিপ্রবির ডিসি, প্রক্টরসহ ৪১
জনকে আসামি করা হয়। মিস্টিনের চাচা
মকসুদার রহমান বাদী হয়ে দিনাজপুরের
প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট নাজমুল-
হোসেনের আদালতে এ মামলাটি করেন।
বিচারক মামলাটি আহলে নিয়ে
কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে
আগামী ৬ মাসের মধ্যে ঘটনার তদন্ত
করে আদালতে প্রতিবেদন দাখিলের
আদেশ দিয়েছেন। মামলায় প্রধান
আসামি করা হয়েছে ডিসি প্রফেসর রুহুল
আমিনকে। অন্য উল্লেখযোগ্য আসামির
মধ্যে রয়েছেন— প্রক্টর প্রফেসর এটিএম
সফিকুল ইসলাম, প্রফেসর বলরাম রায়,
প্রফেসর আনিস খান, প্রফেসর ডা.
ফজলুল হক, জেলা হেডকোয়ার্টারস
সভাপতি আবু ইবনে রুহুল, দিনাজপুর
সদর উপজেলা আওয়ামী লীগ সাধারণ
সম্পাদক বিশ্বজিৎ ঘোষ কাকুন, ছাত্রলীগ
হারিপ্রবি শাখার যুগ্ম সম্পাদক
আসাদুজ্জামান জেবী, ছাত্রলীগ সদস্য
মুহম্মদ আহমেদ নয়ন।